

যুগান্তর

১০ সিপাহী

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ১০ বিষয়ে স্নাতকোত্তর কোর্স চালু

সিলেট ব্যুরো

সদ্য প্রতিষ্ঠিত সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ১০টি বিষয়ে স্নাতকোত্তর কোর্স চালু করা হয়েছে। এখন এ বিশ্ববিদ্যালয় থেকেই করা যাবে পোস্ট গ্রাজুয়েশন। শনিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ইকবাল হোসেনের সূত্রে বিশ্ববিদ্যালয়ের প্রচর ও বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানদের বৈঠকে উক্ত স্নাতকোত্তর শিক্ষার্থী ভর্তির আনুষ্ঠানিক প্রক্রিয়া চূড়ান্ত করা হয়। এ মাসের ১০ থেকে ১২ তারিখ পর্যন্ত ১০টি বিষয়ে স্নাতকোত্তর শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে। ইতিমধ্যে ভর্তিচ্ছ হ্যাঁহ্যাঁীদের আবেদনপত্র যাচাই-বাস্তবায়ন করে ১১ জন শিক্ষার্থীকে মাস্টার্স শ্রেণীর জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হয়েছে। এর মধ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রভাষক হিসেবে কর্মরত

তিনজন স্নাতকোত্তর শ্রেণীর জন্য মনোনীত হয়েছেন। জুলাই-ডিসেম্বর সেমিস্টারে ছাত্র ভর্তি করা হবে। মাস্টার্স শ্রেণীর ক্লাস শুরু হবে ১০ জুলাই।

উক্ত স্নাতকোত্তর শ্রেণীর প্রত্যেক ছাত্রের মধ্যে একজন করে অধ্যাপক, ১ জন করে গবেষণা সহযোগী, ১ জন সহকারী গবেষণা পরিচালক নিয়োজিত থাকবেন। এর মধ্যে ১ জন সহকারী গবেষণা পরিচালক ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে নিয়ে আসা হবে। যেসব বিভাগে স্নাতকোত্তর বিভাগ চালু হচ্ছে সেগুলো হল— আটনি, ফিফিওপলি, মাইক্রো-বায়োলজি, প্যাথলজি, মেডিসিন, এনিমেল সায়েন্স, এনিমেল নিউট্রিশন, পেস্টি সায়েন্স, ফার্মাকলজি, এনিমেল ট্রিডিং এন্ড জেনেটিক।

শনিবার বিকল্পিত এ বিভাগ স্টাডিসের প্রথম সভায় পোস্ট গ্রাজুয়েশন কোর্সের জন্য ডাইন চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ ইকবাল হোসেনকে সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর রশ্মিদ হাসনাতকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্যরা হলেন— ডেপুটি রেজিস্ট্রার এন্ড এনিমেল সায়েন্স বিভাগের ডিন প্রফেসর ড. মোঃ নজরুল কোর্স: পৃষ্ঠা ২: কলাম ৮

কোর্স : কৃষি বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃষ্ঠার পর)

ইসলাম, ভেনারেল এনিমেল সায়েন্সের নিউট্রিশন বিভাগের প্রফেসর মোঃ সাইফুল ইসলাম, প্যাথলজি এন্ড প্যারাসাইটলজি বিভাগের প্রফেসর আবু হেনা মোস্তফা কামাল। এছাড়া ৭টি বিভাগের বিভাগীয় প্রধানদের সমন্বয়ে কমিটি গঠন করা হয়। এ কমিটিতে ১০ জন অতিথি সদস্য হচ্ছেন— সার্বিক প্রশাসনিক স্কুল অব পাইফ সায়েন্স বিভাগের ডিন প্রফেসর ড. মোঃ হাবিবুল আহসান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মুক্তি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন ও বাবুবিঃ- ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড. মোঃ ইদ্রিস বিয়া।